

দিনাজপুর জুবিলী উচ্চ বিদ্যালয়

অনলাইন অর্ধ-বার্ষিক পরীক্ষা ২০২০

শ্রেণি : ষষ্ঠ

বিষয় : হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা (সৃজনশীল)

সময় : ২ ঘণ্টা ৩০

মিনিট পূর্ণমান : ৭০

[প্রতিটি প্রশ্নের উত্তর দিতে হবে। প্রতিটি প্রশ্নের মান-১]

১। সজীব প্রকৃতির মধ্যে সৃষ্টিকর্তার অবস্থান উপলব্ধি করেন। অন্যদিকে তার ভাই তুষার সারাক্ষণ বিজ্ঞান নিয়ে চিন্তাভাবনা করে। সুযোগ পেলেই সে কম্পিউটারে বিভিন্ন বিষয় নিয়ে গবেষণায় ব্যস্ত হয়ে পড়ে। তার ধারণা বিজ্ঞানই সবকিছু। সজীব ও তুষার দুই ভাই হওয়া সত্ত্বেও দুজনার সৃষ্টিকর্তার প্রতি বিশ্বাসের পার্থক্য লক্ষ করা যায়।

ক) হিন্দুধর্ম অনুসারে সৃষ্টিকর্তাকে কী নামে অভিহিত করা হয় ?

খ) জীবাত্মাকে পরমাত্মার অংশ বলা হয় কেন? ব্যাখ্যা কর।

গ) 'শ্রষ্টা ও সৃষ্টি' অধ্যায়ের সারকথার সাথে তুষারের ধারণার মূল পার্থক্য ব্যাখ্যা কর।

ঘ) সজীবের উপলব্ধির মূলে রয়েছে 'ঈশ্বরের প্রতি বিশ্বাস'।-বিশ্লেষণ কর।

২। আত্মার মুক্তির জন্য সাধনা প্রয়োজন। -সুচরিতা এতটুকু বলে খামল। এরপর 'সীমার মাঝে অসীম তুমি' বলতে থাকলে তার ছোট বোন গুটি তাকে জিজ্ঞেস করল, "সিদি, ঈশ্বর কে আর পরমাত্মাইবা কে? আমরা মূর্তি দিয়ে পূজা করি সেই-ই কি ঈশ্বর?" সিদি হাসলো এবং তার ছোট বোনের প্রশ্নগুলো সুন্দরভাবে তাকে বুঝিয়ে দিল।

(ক) হিন্দুধর্ম বিষয়ক গ্রন্থগুলো কোন ভাষায় রচিত ?

(খ) ঈশ্বরের উপাসনা করতে হয় কেন ?

(গ) আত্মার মুক্তির জন্য সাধনা প্রয়োজন-কথাটি ব্যাখ্যা করো।

(ঘ) 'সীমার মাঝে অসীম তুমি'- এই অসীম সম্পর্কে তুমি কী জান, বিশ্লেষণ করো।

৩। রমেশ বাবু নিয়মিত বেদ অধ্যয়ন করেন। এই বেদের জ্ঞানের আলোকে তিনি বনের গাছপালা ও লতাপাতা থেকে ঔষধ তৈরি করে জনসাধারণের চিকিৎসাসেবা দিয়ে থাকেন। শুধু তাই নয়, রোগীদের সাথে তিনি ধর্মালিপও করেন। এ জন্য বেদের অন্যান্য খণ্ডও তাকে অধ্যয়ন করতে হয়। অবশ্য এর আলোকে তিনি নিজেও চেষ্টা করেন পরিশুদ্ধ জীবনযাপনের।

ক) ধ্যান কাকে বলে ?

খ) প্রাচীনকালের ঋষিদের বেদের শ্রুতি বলা হয় কেন? ব্যাখ্যা কর।

গ) রমেশ বাবু বেদের কোন ভাগের জ্ঞানের আলোকে জনসাধারণের চিকিৎসাসেবা দিয়ে থাকেন? ব্যাখ্যা কর।

ঘ) রমেশ বাবুর অধ্যয়নরত গ্রন্থের জ্ঞানের আলোকে কি পরিশুদ্ধ জীবনযাপন সম্ভব? উত্তরের স্বপক্ষে যুক্তি প্রদর্শন কর।

৪। জয়িতা ও ললিতা দুই বোন। তাদের মধ্যে বেশ মিল সম্পর্কে। তারা নিজেদের মধ্যে ধর্ম নিয়ে আলোচনা করে। ধর্মগ্রন্থ সম্পর্কে তাদের গভীর আগ্রহ। জয়িতার বেদ সম্পর্কে যথেষ্ট জ্ঞান রয়েছে। সে ললিতাকে বলে হিন্দুধর্ম বেদের গুরুত্ব অপরিণীম।

(ক) কী পাঠ অন্যান্যের বিবৃদ্ধি প্রেরণা দেয় ?

